শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
ISO 9001-2015 CERTIFIED

টেলিফোন:০৫৬১-৫৩৫৭১
ইমেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৯৪৯৪.৫২৬.২১৪.১১.১৯ ৭২৮৫২ তাং ০৩/১২/২০১৯ ইং।

**"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"**

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতিতে পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/সদস্য সেবা কো-অর্ডিনেটর এর শূন্য পদ পূরনের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত ওয়্যারিং পরিদর্শক পদে যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪,৩০০-২৪, ৩০০-৫১ এবং ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি "কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২)" অনুযায়ী পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**পদের নামঃ পাওয়ার ইউজ কো- অর্ডিনেটর/সদস্য সেবা কো-অর্ডিনেটর।**

প্রার্থীর যোগ্যতাঃ

(১) ওয়্যারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যূনতম ১০ (দশ) বছর ওয়্যারিং পরিদর্শক হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

অথবা

ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল/পাওয়ার ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রাপ্তদের ওয়্যারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

(২) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(৩) ওয়্যারিং সংক্রান্ত মালামাল এবং প্রয়োজনীয় যন্ত্রাংশ সম্পর্কে জ্ঞান ও দক্ষতা থাকতে হবে।

(৪) বিগত ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন এর গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

(৫) পবিস নির্দেশিকা ৩০০-১৪,৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী সকল শর্ত সমূহ পূরণ করতে হবে।

**০২। শর্তাবলীঃ**

আবেদনকারীগনকে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক জেনারেল ম্যানেজারের সুপারিশ পূর্বক আবেদনপত্র সহ আগামী ২১/১২/২০১৯খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় ঠাকুরগাঁও পবিসের সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও এ স্ব শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। আবেদন পত্রে নিম্নোক্ত কাগজ পত্র/ দলিলাদি এজিএম (মানব সম্পদ/ প্রশাসন) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ

(ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।

(খ) বিগত ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।

(গ) শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি।

(ঙ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদানপত্র, নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষনে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের সত্যায়িত ফটোকপি।

(চ) সিনিয়র জেনারেল ম্যানেজা/জেনারেল ম্যানেজারের সুপারিশ, বিনা আপত্তির সনদ পত্র এবং প্রার্থীর বিগত ০৩ বৎসরে মধ্যে কোন গুরুদন্ড এবং বিগত ০১ বৎসরের মধ্যে কোন লঘুদন্ডে দন্ডিত হননি, বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হননি, বিগত ০৪ (চার) বছরের ভিতর এক বার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হননি, বিগত ০৩ (তিন) বছরের ভিতর, একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হননি অথবা পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচন পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটি সিদ্ধান্তনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হননি এই মর্মে প্রত্যায়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে এমন প্রার্থীদের আবেদন করা প্রয়োজন নাই।

GS3,D:\Niog-200.14\NIOG BIGGOPTI-1.doc

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
ISO 9001-2015 CERTIFIED
টেলিফোন:০৫৬১-৫৩৫৭১
ইমেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd



(ছ) পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নহে, তবে অত্র সমিতির ভৌগলিক এলাকার (ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলার) প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

(জ) নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য ''চলতি দায়িত্বে'' নিয়োগ দেওয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যান সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত যেতে হবে।

(ঝ) চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

(ঞ) কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

(ট) অত্র সমিতির সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীর রক্তের সম্পর্কীয়দের আবেদন করার প্রয়োজন নাই।

(ঠ) প্রার্থীকে পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ড) যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ সংরক্ষিত।

(ঢ) শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে, কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

(আবু আশরাফ মোঃ ছাদেহ্)
জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পবিস।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে

০১। নির্বাহী পরিচালক , বাপবিবো ,ঢাকা ।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -------------------------- পবিস-১/২/৩/৪ ।

অনুলিপি ঃ কার্যার্থে

০১। ডিজিএম, কারিগর/পীরগঞ্জ/পঞ্চগড় জোনাল অফিস, ঠাপবিস।
০২। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি), ঠাপবিস।
০৩। নোটিশ বোর্ড ।

জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পবিস।

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
ISO 9001-2015 CERTIFIED

টেলিফোন:০৫৬১-৫৩৫৭১
ইমেইল:thkgbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৯৪৯৪.৫২৬.০২.০০৮.১৯. ৭২৬০ তাং ০৩/১২/২০১৯ ইং।

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নোক্ত শূণ্য পদ পূরনের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-৫১ এবং পবিস চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত, ২০১২) অনুযায়ী পদোন্নতি যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**পদের নামঃ লাইন টেকনিশিয়ান**

০১। **আবেদনকারীর নিয়মাবলীঃ**
আবেদনকারীকে খামের উপরে পদের নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ঠ) চাকুরীতে নিয়মিতকরনের তারিখ এবং লাইনম্যান গ্রেড-১ পদে পদোন্নতি ও নিয়মিত করণের তারিখ উল্লেখপূর্বক আগামী ২১/১২/২০১৯ খ্রিঃ তারিখ রোজ শনিবার বিকাল ৩:০০ ঘটিকায় ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও এ উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

০২। **আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**
(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের ফটোকপি;
(খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ ও ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের ফটোকপি;
(গ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি;
(ঘ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ফটোকপি;
(ঙ) সম্প্রতি তোলা ০২ (দুই) কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
(চ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ;
(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই এবং সার্ভিসকোড অনুযায়ী পদোন্নতির প্রযোজ্য সময়ে কোন দন্ড নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র;
(জ) সকল কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে;

০৩। **প্রার্থীর যোগ্যতাঃ**
(ক) লাইনম্যান গ্রেড-১ পদে নুন্যতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;
(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষন ও পরিচালনার পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে;
(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান ট্রেনিং সমাপ্ত হতে হবে;
(ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মান নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষন জ্ঞান থাকতে হবে;
(ঙ) জরুরি প্রাথমিক চিকিৎসার প্রশিক্ষন ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে;
(চ) প্রার্থীকে অবশ্যই পোলের উপর উঠা এবং পোলে উঠে কাজ করার ক্ষমতা থাকতে হবে;
(ছ) লাইনম্যান গ্রেড-১ পদে সর্বশেষ ৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ৩.৫০ থাকতে হবে;

০৪। **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে না:**
(ক) সর্বশেষ ০৩ (তিন) বছরে কোনরুপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(খ) সর্বশেষ ০১ (এক) বছরে কোনরুপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(গ) সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের ভিতরে একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতরে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতরে একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(চ) পদোন্নতির জন্য তিনবার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

জগন্নাথপুর, ঠাকুরগাঁও।

ISO 9001-2015 CERTIFIED

টেলিফোন:০৫৬১-৫৩৫৭১

ইমেইল:thkpbs@gmail.com

ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd




০৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় এক বছরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেওয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত ও পবিস নির্দেশিকা অনুযায়ী প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা যেতে পারে।

০৬। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীদের মধ্য হতে জ্যেষ্ঠতা অনুসারে প্যানেল করা হবে। পরবর্তীতে প্রয়োজন অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে প্যানেল হতে নিয়োগ প্রদান করা হবে।

০৭। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী মূল বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

০৮। পদোন্নতির ক্ষেত্রে কোন জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকায় (ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলা) স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। অত্র সমিতির কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা তাদের রক্ত সম্পর্কের কারো আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। তথ্য গোপন করে যদি কেহ নিয়োগপ্রাপ্ত হন এবং পরবর্তীতে প্রমানিত হয়, তবে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকে তাকে চাকুরীচ্যুত করা হবে।

১১। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। যে কোন আবেদনপত্র এবং এই নিয়োগ বিজ্ঞপ্তির বাতিল করা ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত ।

(আবু আশরাফ মোঃ ছালেহ)
জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পবিস।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে

০১। নির্বাহী পরিচালক , বাপবিবো ,ঢাকা ।

০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উ: অ:)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।

০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------------- পবিস-১/২/৩/৪ ।

অনুলিপি ঃ কার্যার্থে

০১। ডিজিএম, কারিগর/পীরগঞ্জ/পঞ্চগড় জোনাল অফিস, ঠাপবিস।

০২। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি), ঠাপবিস।

০৩। নোটিশ বোর্ড ।

জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পবিস।